



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর  
সহকারী প্রোগ্রামার এর দপ্তর  
doict.bochaganj.dinajpur.gov.bd

বোচাগঞ্জ উপজেলার আইসিটি কমিটির জানুয়ারি / ২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার

সভাপতি	মোঃ ডালিম সরকার উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	১৮ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০.২০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের সকল শহীদদের স্মরণ করেন এবং নতুন বছরের শুভেচ্ছা জানান। এরপর উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শূভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং এই ধারা অব্যাহত রেখে ভিশন ২০৪১ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের আশা ব্যক্ত করেন।

০৩। অতঃপর অধ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব ডালিম সরকার এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/কর্তৃপক্ষ
০১	সামাজিক যোগাযোগ মাধ্যম	বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব ইত্যাদি ব্যবহারে সকলকে সচেতন হওয়ার বিষয়ে আলোচনা হয়। আলোচ্য বিষয়ঃ i) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে বিভিন্ন অপ-প্রচার রোধে সচেতনতা বৃদ্ধি। ii) সাইবার সিকিউরিটি বিষয়ে অবহিতকরণ iii) গুজব সহ বিভিন্ন উস্কানির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা iv) ছাত্র-ছাত্রীদের মোবাইল ব্যবহারে সচেতনতা বৃদ্ধি। v) ফেসবুক ব্যবহার নীতিমালা	উপস্থিত সকল

০২	ওয়েব পোর্টাল	<p>১) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালনাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২) উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা এবং পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ও সকল ইউনিয়নের নোটিশ ও সভার কার্যবিবরণী পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p> <p>৩) বোচাগঞ্জ উপজেলার অনেক দপ্তরের পোর্টাল হালনাগাদ করা হয়েছে। কিছু দপ্তরের পোর্টাল হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>৪) সকল দপ্তর ও সরকারি প্রতিষ্ঠানের পোর্টাল হালনাগাদ করতে উপজেলা নির্বাহী অফিসার সকলকে জেড় আহ্বান জানান।</p> <p>৫। ফায়ার সার্ভিস স্টেশনের জরুরি নম্বর পোর্টালের ব্যানারে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৬। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি নম্বর ও এম্বুলেন্সের নম্বর পোর্টালের ব্যানারে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট দপ্তর
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন।	গুণগত শিক্ষার মানোন্নয়ন ও ডিজিটাল অবকাঠামো উন্নয়নের জন্য "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" প্রাপ্ত প্রতিষ্ঠানের ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য সেতাবগঞ্জ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অফ ফিউচার পরিদর্শনে- মতবিনিময় ও পরামর্শ প্রদান করা হয়।	সহকারী প্রোগ্রামার,
০৪	জয় সেট সেন্টার	স্মার্ট সার্ভিস পয়েন্ট, আইসিটি বিষয়ক সেবা, উন্নত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে জয় সেট সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে ব্যক্ত করা হয়। উপজেলা ইঞ্জিনিয়ার জানান- অত্র উপজেলার নতুন ভবনের কাজ সম্পন্ন হওয়ায় জয় সেট সেন্টারের কাজ দ্রুত শুরু করা সম্ভব হবে।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ইঞ্জিনিয়ার
০৫	৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ	দেশব্যাপী শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান চর্চায় সম্পৃক্ত রাখার অপরিহার্যতা বিবেচনায় "বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি" শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে উপজেলা পর্যায়ে সর্বোচ্চ উপস্থিতি নিশ্চিত করে ২ দিন ব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজনের জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।	উপস্থিত সকল

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২২-০১-২০২৪

মোঃ ডালিম সরকার

উপজেলা নির্বাহী অফিসার

৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০৬.০০১.২৩.১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর;
- ৩। সহকারী প্রোগ্রামার(সকল) দিনাজপুর এবং
- ৪। কম্পিউটার অপারেটর, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।





২১-০১-২০২৪

মোঃ তোহিদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার

সকল সংযুক্তিসমূহ:

(১) উদ্ভাষিত